গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর
http://www.sob.gov.bd
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮

# ২৮ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ) সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | ব্রিগেডিয়ার জেনারেল নুর-এ-আলম মোহাম্মদ যোবায়ের সারোয়ার<br>সার্ভেয়ার জেনারেল |
| সভার তারিখ | ২৮ মার্চ ২০২৪ |
| সভার সময় | সকাল ১১:৩০ |
| স্থান | বাংলাদেশ জরিপ অধিদপ্তরের তেজগাঁও অফিসের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | নৈতিকতা কমিটির সকল সদস্যবৃন্দ |

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অফিস আদেশ নম্বর ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.৫৮৮, তারিখ ২৪ নভেম্বর ২০২১ এর মাধ্যমে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নৈতিকতা কমিটি গঠিত হয়। ২৮ মার্চ ২০২৪ তারিখে অধিদপ্তরের নৈতিকতা কমিটি ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের নির্ধারিত সভায় মিলিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় কর্তৃক সকলকে স্বাগত জানানো হয় এবং সভা শুরু করার জন্য নৈতিকতা কমিটির সদস্য সচিব তথা উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে ২য় প্রান্তিকের সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন করা হয়। ২য় প্রান্তিকের নির্ধারিত কার্যাবলীর অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরিত হওয়ায় কমিটি কর্তৃক সন্তোষ প্রকাশ করা হয়। অতঃপর ৩য় প্রান্তিকের সভার অলোচনা শুরু হয়। ৩য় প্রান্তিকের সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১. | ২০২৩-২০২৪ অর্থ বছরের বর্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় প্রান্তিকের গৃহীত কার্যাবলীর অগ্রগতি প্রতিবেদন অনুমোদন | সদস্য সচিব কর্তৃক সভার শুরুতে ২০২৩-২০২৪ অর্থ বছরের বর্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় প্রান্তিকের গৃহীত কার্যাবলীর অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং জানানো হয় যে উক্ত প্রতিবেদন সভায় অনুমোদিত হলে তা NIS software এ যথাসময়ে আপলোড করা হবে। সদস্য সচিব কর্তৃক আরও জানানো হয় যে, উক্ত প্রতিবেদন ০৫ এপ্রিল ২০২৪ এর মধ্যে software এ আপলোড করার জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২০ মার্চ ২০২৪ তারিখের অনুষ্ঠিত সভায় সিনিয়র সচিব মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদনটি সভার সকল সদস্য কর্তৃক পর্যালোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১। সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় অনুমোদনে করা হয় এবং যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br>২। ৩য় প্রান্তিকে অধিদপ্তরের চলমান ০২ টি প্রকল্পের ০২টি PIC সভা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। ক্রয় পরিকল্পণা ও বাজেট পরিকল্পণা বাস্তবায়নের ক্ষেত্রে যথাসময়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৩। বর্তমান অর্থবছরের ক্রয় পরিকল্পণা ও বাজেট পরিকল্পণা বাস্তবায়নের বিষয়টি যথাযথ পর্যালেচনা করে আগামী অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম | পরিচালকদ্বয়, সকল প্রকল্প পরিচালকগণ এবং উপপরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়।<br>৪। ৪র্থ প্রান্তিকে নির্ধারিত স্টেক হোল্ডারগণের সমন্বয়ে সভা এবং শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>৫। আগামী অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রণয়নের জন্য এখন হতে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। ভবিষ্যতে শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২০২৪-২০২৫ এর চাহিদা অনুযায়ী ওয়েব সাইটে যথাসময়ে আপলোড করার বিষয়ে প্রস্তুতি গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>৬। ২০২৪-২০২৫ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনাতে প্রকল্প পরিদর্শনের কার্যক্রম অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | |
| ০২. | ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের করণীয় কার্যক্রমের তালিকা অনুমোদন | সদস্য সচিব কর্তৃক সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের করণীয় কার্যক্রমের তালিকা অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।উক্ত তালিকা অনুযায়ী ৪র্থ প্রান্তিকে গৃহীতব্য কার্যক্রম নিম্নরূপঃ<br>১। নৈতিকতা কমিটির সভা অয়োজন<br>২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন<br>৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন<br>৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন<br>৫। ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন<br>৬। বাজেট বাস্তবায়ন<br>৭। প্রকল্পের PIC সভা আয়োজন<br>৮। শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ<br>৯। শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম। | আলোচনার প্রেক্ষিতে সকল কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করার জন্য সকলকে নির্দেশ প্রদান করা হয়।এছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের করণীয় কার্যক্রমের সময়াবদ্ধ ক্যালেন্ডার প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপপরিচালক (প্রশাসন) ও সদস্য সচিব এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকে নৈতিকতা কমিটির সভা মে/২০২৪ মাসের ১ম সপ্তাহে অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

নুর-এ-আলম মোহাম্মদ যোবায়ের সারোয়ার
ব্রিগেডিয়ার জেনারেল
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ

নম্বরঃ ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০২৬.২২.৬৬৯

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩০/০৮ এপ্রিল ২০২৪

বিতরণঃ

বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্রজারিগ্রুপ (জি)

E:\সাধারণ শাখা\২০২৩-২০২৪ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা.docx38